দৈনিক ইত্তেফাক

তারিখ 07 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

# রংপুর মেডিক্যাল কলেজে এমবিবিএস ভর্তি পরীক্ষা কেন্দ্র পুনর্বহাল

■ রংপুর প্রতিনিধি

গত সোমবার রংপুর মেডিক্যাল কলেজ কেন্দ্রে এমবিবিএস ভর্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। এর ফলে কেন্দ্র পুনর্বহালের দাবিতে আন্দোলনরত রংপুর বিভাগের শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও সুধীজনের মাঝে আনন্দের বন্যা বয়ে যাচ্ছে। দুপুরের পর থেকে বিভিন্ন জায়গায় ফুল ও মিষ্টি বিতরণ করেন আন্দোলনকারীরা। এর আগে ৩০ আগস্ট স্বাস্থ্য অধিদপ্তরের এক আদেশে রংপুর মেডিক্যাল কলেজ কেন্দ্র বাতিল করা হয়। এর ফলে ক্ষুব্ধ হয়ে ওঠে রংপুর বিভাগের ৮ জেলার ভর্তিচ্ছু পরীক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা। রংপুর কেন্দ্র বাতিল করে কোথায় পরীক্ষা হবে তাও ঘোষণা না দেওয়ায় রংপুর বিভাগের শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের মাঝে হতাশা ও ক্ষোভের সৃষ্টি হয়। রংপুর সিটি করপোরেশনের মেয়র সরফুদ্দীন আহমেদ ঝন্টু বলেন, রংপুর মেডিক্যাল কলেজ কেন্দ্র বাতিল করা হলে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের সঙ্গে যোগাযোগ করে কেন্দ্র পুনর্বহালের ব্যবস্থা করেছি।